দৈনিক খবর

তারিখ ... 18 JAN 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

৩১

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সফল করে তুলুন : রাষ্ট্রপতি

লালমনিরহাট, ১৭ই জানুয়ারী (বাসস)।- রাষ্ট্রপতি এরশাদ বলেছেন যে, প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলকের ব্যাপারে সরকারের সিদ্ধান্তের সফলতা পিতা-মাতার সহযোগিতার ওপর নির্ভর করবে।

রাষ্ট্রপতি পিতা-মাতাদের প্রতি তাঁদের সন্তানদের স্কুলে পাঠানোর এবং শিশুদের শিক্ষার ব্যাপারে প্রদত্ত সুযোগ-সুবিধা গ্রহণ ও কর্মসূচীটিকে সফল করে তোলার আহবান জানান। রাষ্ট্রপতি আজ স্থানীয় মজিদা খাতুন মহিলা কলেজ প্রাঙ্গণে এক বিশাল জনসমাবেশে এবং বুড়িমারী থেকে এখানে আসার পথিমধ্যে বেশ কিছু সভায় বক্তৃতা করছিলেন। রাষ্ট্রপতি বলেন, তাঁর সরকারের লক্ষ্য হচ্ছে দেশের প্রতিটি শিশুকে প্রাথমিক শিক্ষা প্রদান করা।

তিনি বলেন, প্রতিটি নাগরিককে পড়া-লেখা ও হিসেবের ব্যাপারে প্রাথমিক জ্ঞান প্রদানের লক্ষ্যে এবং কোনটি ভাল কোনটি মন্দ তা বেছে নেয়ার ব্যাপারে তাদের সক্ষম করে তোলে জনশক্তির মান বৃদ্ধিকল্পে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

রাষ্ট্রপতি এরশাদ আজ সকালে বুড়িমারী আসেন এবং বুড়িমারী-লালমনিরহাট সড়কের নির্মাণ কাজের অগ্রগতি দেখার জন্য সেখান থেকে সড়কপথে লালমনিরহাটের দিকে রওয়ানা হন। মহিলা ও শিশুসহ সর্বস্তরের বিপুলসংখ্যক লোক ব্যানার ও

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## বাধ্যতামূলক

প্রথম পৃষ্ঠার পর

ফিতা-নেড়ে রাষ্ট্রপতিকে অভিনন্দন জানায়। রাষ্ট্রপতি জনগণের সাথে কথা বলার এবং তাদের কুশল সম্পর্কে খোঁজ-খবর নেয়ার জন্য বহু স্থানে থামেন। সমস্ত রাস্তায় সুসজ্জিত তোরনও নির্মাণ করা হয়।

রাষ্ট্রপতি বুড়িমারী, পাটগ্রাম, বউরা, হাতীবান্ধা, ভোটমারী ও আদিতমারীতে কয়েকটি পথসভায়ও ভাষণ দেন। এসব সভায় সর্বস্তরের জনগণ উপস্থিত ছিলেন।

তিনি লালমনিরহাট পৌঁছলে হাজার হাজার লোক রাস্তার দু'পাশে দাঁড়িয়ে তাঁকে সম্বর্ধনা জানান।

তিনি আনুষ্ঠানিকভাবে নবনির্মিত কালেক্টরেট ভবনের উদ্বোধন করেন। তিনি তাঁর মাতার নাম অনুসারে পুরানো কালেক্টরেট ভবন চত্বরে বেগম মজিদা খাতুন মহিলা কলেজও উদ্বোধন করেন। যোগাযোগমন্ত্রী আনোয়ার হোসেন রাষ্ট্রপতির সঙ্গে ছিলেন।

জনসমাবেশে ভাষণ দানকালে রাষ্ট্রপতি মেয়েদের অষ্টম শ্রেণী পর্যন্ত পড়াশুনা অবৈতনিক করার সিদ্ধান্তের কথা উল্লেখ করে বলেন, এতে মেয়েরা তাদের সন্তানদের সুশিক্ষিত করে তুলতে পারবেন এবং স্বাস্থ্যসম্মত পথ অনুসরণ করতে পারবেন। শিক্ষিত মহিলারা তাদের ওপর নির্যাতন রোধ করতে পারবেন এবং বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবেন।

বুড়িমারী-লালমনিরহাট সড়কের কথা উল্লেখ করে তিনি বলেন, তাঁর সরকারই প্রথম এ সড়কের সংস্কার ও উন্নয়ন করল। তিনি উল্লেখ করেন, এ রুটের মাধ্যমে বাংলাদেশ ভুটানের মধ্যে বাণিজ্যিক যোগাযোগ হবে।

তিনি আরো বলেন, এতে এ এলাকার জনগণের আর্থ-সামাজিক উন্নয়নও হবে।

তিনি বলেন, জাতীয় পার্টির কল্যাণমুখী ও উন্নয়নমুখী রাজনীতি সারা দেশে নতুন জীবনের ঢেউ তুলেছে।

তিনি বলেন, দেশের সর্বত্র জাতীয় পার্টির শিকড় রচিত হয়েছে এবং তা চিরকাল টিকে থাকবে। সারা দেশের অধিক জনগণ এখন বর্তমান সরকারের রাজনীতিকে সমর্থন করছেন।

রাষ্ট্রপতি বলেন, সরকারের ইতিবাচক ও অঙ্গীকার পূরণের রাজনীতির ফলে দেশে স্কুল, কলেজ, সড়ক ও সেতু নির্মিত হয়েছে এবং কৃষি ও শিল্প ক্ষেত্রে উৎপাদন বেড়েছে।

তিনি পল্লী এলাকার উন্নয়নে সরকারের অঙ্গীকারের কথা উল্লেখ করে বলেন, গুচ্ছগ্রাম প্রতিষ্ঠা, ঋণ সালিশী বোর্ড গঠন, কৃষিঋণ মওকুফ ও প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এরই নিদর্শন।

তিনি বলেন, বিরোধী দলগুলোর একটি অংশের ধ্বংসাত্মক রাজনীতি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ব্যাহত করছে।